চিঠি-

সবিনয় নিবেদন,

নববর্ষে আমাদের শুভেচ্ছা ও নমস্কার জানিবেন।

পাশ্চাত্য দেশের বর্ত্তমান যুদ্ধের ফল এদেশে এক্ষণে যে কি ভাবে প্রতিফলিত হইতেছে তাহা আশা করি সকলেই জ্ঞাত আছেন। এই যুদ্ধের দরুণ প্রায় প্রত্যেক জিনিষেরই মূল্য বিশেষভাবে বৃদ্ধি পাইয়াছে,—বিশেষতঃ কাগজের মূল্য শতকরা প্রায় ৬৫।৭০ টাকা বৃদ্ধি লাভ করিয়াছে; এতদ্ভিন্ন উৎকৃষ্ট কাগজ অধুনা দুর্লভ। ইহা সত্বেও আমরা "হালখাতা" প্রকাশ করিতে সাহসী হইয়াছি, এবং বর্ত্তমান-বাজারের সের' পুরু এ্যান্টিক্ কাগজ দিতে আমরা কার্পণ্য প্রকাশ করি নাই।

বাঙলার খ্যাতনামা কবি ও সাহিত্যিকগণের প্রায় সকলকেই আমরা আমাদের এই "হালখাতা"তে নিমন্ত্রণ করিয়াছিলাম। আনন্দের সহিত জানাইতেছি যে তাঁহাদের মধ্যে অধিকাংশই, নানা কাজে ব্যস্ত থাকা সত্বেও, দয়া-পরবশ হইয়া আমাদের এই পর্ণ কুটীরের "হালখাতা" উৎসবে পদধূলি দিয়া আমাদিগকে বাধিত ও উপকৃত করিয়াছেন।

"হালখাতা"র এই ক্ষুদ্র কুটীরে বাঙলার খ্যাতনামা কবি ও সাহিত্যিকগণকে যতদূর সম্ভব বসিবার স্থান দিবার চেষ্টা করা হইয়াছে। তাহা সত্বেও, আমরা অতি দুঃখের সহিত জানাইতেছি যে, স্থানাভাববশতঃ বসিবার আসন অনেকেই হয় ত পা'ন নাই। আমাদের এই অনিচ্ছাকৃত অপরাধের জন্য আমরা অত্যন্ত লজ্জিত এবং তাঁহাদের নিকট আমরা ক্ষমা ভিক্ষা চাহিতেছি।

বাজারে "ছবির অ্যালবাম" বহু কিনিতে পাওয়া যায়; সুতরাং "হালখাতা"কে আমরা 'সাহিত্য' ও 'ছবি'—এই দুইয়ের খিচুড়ী প্রস্তুত করি নাই। কেবলমাত্র বিশ্ব-কবি রবীন্দ্রনাথ ও অপরাজেয় কথাশিল্পী ৺শরৎচন্দ্রের ছবি ভিন্ন অপর কোনও ছবি ছাপিয়া স্থান পূরণ করিয়া ফাঁকি দিবার চেষ্টা আমরা করি নাই।

"হালখাতার" এই প্রথম বর্ষ। হয় ত ইহাতে দোষ ত্রুটী আছে অনেক। তথাপি আমাদের এই "হালখাতা" যদি বাঙলার ছেলেমেয়েদের 'আনন্দ দান করিতে পারে তাহা হইলেই আমরা সার্থকতা লাভ করিব।

কয়েকজন নবীন লেখক লেখিকাও আমাদের এই "হালখাতা" উৎসবে যোগদান করিয়াছেন। নমস্কার। ইতি—

বিনীত—

শ্রীরমাপ্রসাদ মিত্র

শ্রীঅসীম দত্ত

বক্তব্য—

আজ সকলের আশীর্ব্বাদ ও শুভেচ্ছা মাথায় ক'রে নিয়েই "হালখাতা" উৎসব সম্পাদিত হয়েছে। অনেকে সাহায্যও করেছেন নানা ভাবে।

আমাদের বন্ধুবর, প্রসিদ্ধ চিত্রশিল্পী, শ্রীআশু বন্দ্যোপাধ্যায় মহাশয় প্রচ্ছদ-পটের রঙীন ছবিখানি এঁকে দিয়ে আমাদের উপকৃত করেছেন।

রবীন্দ্রনাথ ও ৺শরৎচন্দ্রের ছবি দুখানি 'বাতায়ন' পত্রিকার সৌজন্যে প্রাপ্ত।

ডক্টর অমিয় চক্রবর্ত্তীর এবং শ্রীসুধাকান্ত রায় চৌধুরীর অনুরোধেই বিশ্ব-কবি রবীন্দ্রনাথ স্বহস্তে আমাদের আশীর্ব্বাদ করেছেন।

…এঁদের সকলের নিকটই আমরা কৃতজ্ঞ রহিলাম।

ইতি—

শ্রীঅসীম দত্ত

শ্রীরমাপ্রসাদ মিত্র

পরিচয়-পাতা

আমাদের এই 'হালখাতা' উৎসবে যাঁরা যোগদান করেছেন—

লেখক লেখিকা		পৃষ্ঠা
১।	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর	৩
২।	শ্রীরামানন্দ চট্টোপাধ্যায়	৪
৩।	শ্রীপ্রমথ চৌধুরী	৪
৪।	শ্রীদক্ষিণারঞ্জন মিত্র মজুমদার	৫ ; ৯৭
৫।	শ্রীযতীন্দ্রমোহন বাগচী	৫
৬।	রায় বাহাদুর শ্রীখগেন্দ্রনাথ মিত্র	৮ ; ৯০
৭।	শ্রীগিরিজাকুমার বসু	৮
৮।	শ্রীসুনির্ম্মল বসু	৯
৯।	শ্রীহাসিরাশি দেবী	১০
১০।	শ্রীসুধাকান্ত রায় চৌধুরী	১০
১১।	শ্রীমতী আশাপূর্ণা দেবী ...	১২
১২।	শ্রীযুক্তা অনুরূপা দেবী	১৭
১৩।	অধ্যাপক ডক্টর শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায় ...	১৮
১৪।	অধ্যাপক হুমায়ুন কবির	২২
১৫।	অধ্যাপক শ্রীযোগেন্দ্রনাথ গুপ্ত	২২
১৬।	শ্রীসজনীকান্ত দাস	২৬
১৭।	শ্রীবসন্তকুমার চট্টোপাধ্যায়	৩১
১৮।	শ্রীসৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়	৩২
১৯।	শ্রীবিধায়ক ভট্টাচার্য্য	৩৭
২০।	কাজি আফসারউদ্দিন আহমদ	৪১
২১।	ডক্টর শ্রীসুরেন্দ্রনাথ দাসগুপ্ত	৪৬
২২।	শ্রীমেঘেন্দ্রলাল রায়	৪৯

২৩। শ্রীনরেন্দ্র দেব ৫৬
২৪। 'সম্বুদ্ধ' ৬৩
২৫। অধ্যক্ষ শ্রীসুরেন্দ্রনাথ মৈত্র ৬৭
২৬। ডাঃ শ্রীকালীকিঙ্কর সেনগুপ্ত ৬৮
২৭। শ্রীইন্দিরা দেবী ৬৯
২৮। শ্রীকালিদাস রায় ৭২
২৯। শ্রীমাণিক বন্দ্যোপাধ্যায় ৭৩
৩০। শ্রীরাধারাণী দেবী ৭৭
৩১। শ্রীনন্দগোপাল সেনগুপ্ত ৭৯
৩২। শ্রীসুশীল রায় ৮২
৩৩। এস. ওয়াজেদ আলি ৮৩
৩৪। কাদের নওয়াজ ৮৭
৩৫। শ্রীসঞ্জয় ভট্টাচার্য্য ৮৮
৩৬। শ্রীক্ষিতীন্দ্রনারায়ণ ভট্টাচার্য্য ৯৩
৩৭। শ্রীবিষ্ণু মুখোপাধ্যায় ১০৩
৩৮। শ্রীফণীন্দ্রনাথ মুখোপাধ্যায় ১০৯
৩৯। শ্রীপ্রভাবতী দেবী সরস্বতী ১১৩
৪০। শ্রীপবিত্র গঙ্গোপাধ্যায় ১১৯
৪১। শ্রীবিভূতিভূষণ মুখোপাধ্যায় ১২১
৪২। অধ্যাপক ডক্টর শ্রীপ্রবোধচন্দ্র বাগচী ... ১২৩
৪৩। 'বনফুল' ১২৯
৪৪। শ্রীঅজয় ভট্টাচার্য ১৩৫
৪৫। শ্রীহেমচন্দ্র বাগচী ১৩৬
৪৬। শ্রীপরিমল গোস্বামী ১৩৭
৪৭। শ্রীসাবিত্রীপ্রসন্ন চট্টোপাধ্যায় ১৪০
৪৮। শ্রীসুধাংশুকুমার গুপ্ত ১৪১
৪৯। শ্রীপ্রেমেন্দ্র মিত্র ১৪৫
৫০। অধ্যাপক ডক্টর শ্রীগিরিজাপ্রসন্ন মজুমদার ... ১৪৭

৫১। শ্রীবলাইদাস চট্টোপাধ্যায় ১৪৯
৫২। শ্রীসুধাংশুশেখর সেনগুপ্ত ১৫৪
৫৩। ডাঃ শ্রীবিভাসচন্দ্র রায় ... ... ১৫৫ ; ১৫৬
৫৪। শ্রীসুধাংশু রায় চৌধুরী ১৫৬
৫৫। শ্রীগিরীধারী রায় চৌধুরী ১৫৯
৫৬। শ্রীদীনেন্দুসুন্দর দাস ১৬১
৫৭। শ্রীমতী গৌরীরাণী দেবী ১৬৪
৫৮। শ্রীদ্বিজেন্দুসুন্দর দাস ১৬৮
৫৯। শ্রীকাশীনাথ চন্দ্র ১৬৯
৬০। শ্রীগৌরীপ্রসন্ন মজুমদার ... ১৭৪
৬১। কুমারী ঝরণা দেবী ... ১৭৫
৬২। শ্রীমতী রেণুকণা রায় ১৭৫
৬৩। শ্রীগুরুপ্রসাদ মিত্র ১৭৬
৬৪। শ্রীব্রজেশচন্দ্র দত্ত ১৭৬

অর্ঘ্য

পরম শ্রদ্ধাস্পদ

বিশ্ব-বরেণ্য **শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর** মহাশয়

সমীপেষু—

দাদু,

বঙ্গের আলো, ভারতের আলো, জগতের আলো তুমি,
তোমার আলোয় আলোকিত হ'য়ে ধন্য ভারত-ভূমি।
"পুরাতন" জানি তুমি, তবুও তোমার আছে রঙীন্ আলো,
রঙীন্ আলোর 'রংমশাল'কে তাই ত' সবে বাসে ভালো।

বছরের প্রথম মাসে আমাদের এই 'হালখাতা'তে
তোমার হাতের আলোক-কণা ঠিক্‌রে এলো প্রথম পাতে;
তোমার হাতের আশীর্ব্বাদ—বোল্‌ছি মোরা গৌরবে,—
'হালখাতা'কে সাজিয়ে দিল, ভরিয়ে দিল সৌরভে।

নূতন বছরে **'হালখাতা'**কে,—(বলিতে সাহস না পাই,—
ভয় কিবা আছে ? 'দাদু' হও তুমি, মুখ ফুটে বলি তাই—)
পরম শ্রদ্ধায় অর্ঘ রূপে অর্পিণু মোরা তব পদমূলে,
সার্থকতায় ধন্য হ'ব **'হালখাতা'**কে বারেক ছুঁলে।

ইতি—

তোমার স্নেহের,
অসীম ও রমাপ্রসাদ

'আলো সাহিত্য সংঘ'
৪১-ডি, একডালিয়া রোড,
বালিগঞ্জ, কলিকাতা।



আমাদের রবীন্দ্রনাথ